

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট  
জয়দেবপুর, গাজীপুর

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.১১০.১৮-৩১৯২

তারিখঃ ০১-১০-২০১৮ খ্রি.

অফিস আদেশ

যেহেতু জনাব মোঃ মকলেছার রহমান, পাওয়ার পাম্প অপারেটর, প্রজনন বীজ উৎপাদন কেন্দ্র, দেবীগঞ্জ, পঞ্চগড় এর বিরুদ্ধে বৈদ্যুতিক ওভারহেড লাইন সম্প্রসারণের কাজে পুরাতন বৈদ্যুতিক তার ব্যবহার এবং ট্রান্সফরমার না লাগিয়ে জনাব মোঃ আবিদ হোসেন, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং জনাব মোঃ আমজাদ হোসেন, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), ভূমি ও ইমারত শাখা, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর এর সাথে যোগসাজসে অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে অর্থ আত্মসাৎ করেছেন সেহেতু বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১১ এর ৩৭ (ক) (খ) ও (চ) উপ-প্রবিধি মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অর্থ আত্মসাতের অভিযোগে অভিযুক্ত করে অত্র কার্যালয়ের স্মারক নং-২অ-৭৬০/২০১৫/প্রশাসন/ডিপি নং-৩২১/৬৪৬ তারিখ: ১২-০৭-২০১৭ খ্রি. মোতাবেক বিভাগীয় মামলা রঞ্জু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

যেহেতু ১ম কারণ দর্শানো নোটিশের জবাবের পরিপ্রেক্ষিতে গত ২৯-০৮-২০১৭ খ্রি. তারিখে মহাপরিচালক মহোদয় কর্তৃক ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে আপনার জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত আনিত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য অত্র কার্যালয়ের স্মারক নং-২অ-৭৬০/২০১৭/প্রশাসন/ডিপি নং-৩২১/২৮০৫ তারিখ: ১৩-০৯-২০১৭ খ্রি. মোতাবেক জনাব মোঃ নাছির উদ্দিন, সহকারী পরিচালক (চ. দা.), প্রশাসন শাখা, বিএআরআই, গাজীপুর-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ মকলেছার রহমান এর বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর (ক) (খ) ও (চ) উপ-প্রবিধি মোতাবেক তাঁর বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অর্থ আত্মসাতের অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে জনাব মোঃ মকলেছার রহমান এর বিরুদ্ধে আনিত দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অর্থ আত্মসাতের অভিযোগটি প্রমাণিত হওয়ায় ০৬-০৫-২০১৮ খ্রি. তারিখে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। পরবর্তীতে জনাব মোঃ মকলেছার রহমান এর বিরুদ্ধে দণ্ড আরোপে বিষয়ে পূর্বে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন এবং তার ১ম ও ২য় কারণ দর্শানো নোটিশের জবাব পর্যালোচনাপূর্বক সুস্পষ্ট প্রতিবেদন দাখিলের জন্য ১২-০৬-২০১৮ খ্রি. তারিখে ড. মিয়রুদ্দীন, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, পোস্ট হারভেস্ট টেকনোলজি বিভাগ, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুরকে সভাপতি করে পর্যালোচনা কমিটি গঠন করা হয়। পর্যালোচনা কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে জনাব মোঃ মকলেছার রহমান এর বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর (ক) (খ) ও (চ) উপ-প্রবিধি মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অর্থ আত্মসাতের অভিযোগ প্রমাণিত হয়;

সেহেতু জনাব মোঃ মকলেছার রহমান, পাওয়ার পাম্প অপারেটর, প্রজনন বীজ উৎপাদন কেন্দ্র, দেবীগঞ্জ, পঞ্চগড় এর বিরুদ্ধে আনিত অভিযোগ, তাঁর কারণ দর্শানোর জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, পর্যালোচনা কমিটির প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে তাঁর বিরুদ্ধে বর্ণিত “দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অর্থ আত্মসাত” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১১ এর ৩৮ (১) এর (খ) (অ) উপ-প্রবিধি মোতাবেক ২ (দুই)টি “নিম্নতর বেতনক্রমে অবনতকরণ” অর্থগত বর্তমানে প্রাপ্ত বেতনক্রমে হতে ২ (দুই)টি নিম্নতর বেতনক্রমে অবনত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(ড. আবুল কালাম আখাদ)  
মহাপরিচালক (চলতি দায়িত্ব)  
ফোন: ০২-৪৯২৭০০০০

জনাব মোঃ মকলেছার রহমান  
পাওয়ার পাম্প অপারেটর  
প্রজনন বীজ উৎপাদন কেন্দ্র  
দেবীগঞ্জ, পঞ্চগড়।

অনুলিপি:

- ১। পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন), বিএআরআই, গাজীপুর
- ২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বিএআরআই, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রজনন বীজ উৎপাদন কেন্দ্র, দেবীগঞ্জ, পঞ্চগড়
- ৪। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
- ৬। কম্পিউটার সেল/এসিআর সেল, প্রশাসন শাখা, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
- ৭। মাস্টার ফাইল
- ৮। ব্যক্তিগত নথি
- ৯। সংশ্লিষ্ট নথি।

(মোঃ মাহমুদুল হাসান)  
সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) (অ. দা.)

ফোন : ৪৯২৭০০১০/৫৪৯২